তারিখ 16 DEC 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৪

যুগান্তর

কয়েক কিলোমিটার দীর্ঘ যানজট

# গাজীপুরে শিক্ষার্থীদের মহাসড়ক অবরোধ

গাজীপুর প্রতিনিধি

এইচএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগে গাজীপুর সিটি কর্পোরেশনের কোনাবাড়ী এলাকায় এমইএইচ আরিফ কলেজের শিক্ষার্থীরা ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করে। মঙ্গলবার দুপুর দেড়টা থেকে বিকাল সাড়ে চারটা পর্যন্ত তিন ঘণ্টা ধরে ওই কলেজের ৫ শতাধিক শিক্ষার্থী ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে নেমে অবস্থান নিয়ে কলেজের বেঞ্চ মহাসড়কে ফেলে অবরোধ সৃষ্টি করে। ফলে মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। অবরোধের ফলে সড়কের উভয়দিকে কয়েক কিলোমিটার দীর্ঘ তীব্র যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে থানা পুলিশ ও হাইওয়ে পুলিশ ঘটনাস্থলে ছুটে যায়। এমইএইচ আরিফ কলেজের শিক্ষার্থীরা জানায়, ফরম পূরণের জন্য ২ হাজার টাকা করে নেয়ার নিয়ম থাকলেও তাদের কাছ থেকে ১২ হাজার টাকা নেয়া হচ্ছে। ২০১৬ সালের জুন মাস পর্যন্ত বেতন পরিশোধ করার পরও তাদের কাছ থেকে ৮ হাজার টাকা করে বেশি নেয়া হচ্ছে। শিক্ষার্থীরা আরও জানায়, ফরম পূরণের জন্য আমাদের আশপাশের কলেজগুলোতে ২ থেকে ৩ হাজার টাকা নিচ্ছে অথচ আমাদের কাছ থেকে ১২ হাজার টাকা নেয়া হচ্ছে। রেজিস্ট্রেশন বাবদ ২ হাজার টাকা এবং উন্নয়ন ফি ২ হাজার ৪০ টাকা নিচ্ছে। এই কলেজে পড়তে গেলে শুধু টাকাই দিতে হয়। এ ব্যাপারে কলেজের প্রতিষ্ঠাতা অধ্যাপক এমইএইচ আরিফ জানান, প্রতিষ্ঠানটি সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে পরিচালিত হয়ে আসছে। বেসরকারি কলেজের নীতিমালা অনুসরণ করেই শিক্ষার্থীদের কাছ থেকে টাকা নেয়া হচ্ছে। নীতিমালার বাইরে একটি টাকাও বেশি নেয়া হচ্ছে না। শিক্ষার্থীরা ভুল বুঝে আন্দোলন করছে। পরে শিক্ষার্থীদের বিষয়টি ভালো করে বুঝালে তারা অবরোধ তুলে নেয়।